

আঞ্চলিক পরিবহন দপ্তরের করণীয়

- (১) এম.ভি.এ্যাক্ট ও রুলস অনুযায়ী যখন কোন নথিভুক্ত বাসের মালিক রুট পারমিটের আবেদন করেন, তখন সংশ্লিষ্ট ব্যক্তির সমস্ত কাগজপত্র পরীক্ষা ও পারমিট প্রদানের উপযুক্ততা বিবেচনা করে আইন অনুসারে স্থায়ী পারমিট মঞ্জুর বা বাতিল করা হয়।
- (২) কিছু ক্ষেত্রে মহামান্য উচ্চ আদালতের নির্দেশানুসারেও কর্তৃপক্ষ আইনানুযায়ী বিবেচনা করে পারমিট মঞ্জুর করেন।
- (৩) এ ছাড়াও বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ স্পেশাল পারমিট / রিজার্ভ/কন্ট্রাক্ট ক্যারেজ পারমিট ও স্বল্প মেয়াদী অস্থায়ী পারমিট জনসাধারণের প্রয়োজনানুসারে মোটরযান আইন অনুসারে মঞ্জুর করেন।
- (৪) নতুন মঞ্জুর করা পারমিটের ক্ষেত্রে নতুন সময়সূচী নির্ধারণ করা এবং চালু বাসের সময়সূচী পরিবর্তন করার ব্যাপারে কর্তৃপক্ষ সেই বাস মালিক, সংশ্লিষ্ট রুটের অন্যান্য বাস মালিক ও সংস্থা এবং যাত্রী সাধারণের প্রয়োজনের পরিপ্রেক্ষিতে, সময়সূচী মঞ্জুর করেন। কিছু ক্ষেত্রে মহামান্য উচ্চ আদালতের নির্দেশেও সময়সূচী কর্তৃপক্ষকে বিবেচনা ও নির্ধারণ করতে হয়।
- (৫) রাজ্য সরকারের নির্দেশানুসারে যাত্রীভাড়ার কাঠামোয় পরিবর্তন হলে, তা কর্তৃপক্ষ কার্যকর করেন।
- (৬) কোন রুটে উপযুক্ত কারন ব্যতীত বাস চলাচল বন্ধ থাকলে এবং সেই ব্যাপারে নির্দিষ্ট অভিযোগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষ অনুসন্ধান /তদন্ত সাপেক্ষে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করেন।
- (৭) আইনানুযায়ী প্রতিটি বাসকে বার্ষিকভাবে তার ফিটনেসকে নবীকরণ করতে হয়। কর্তৃপক্ষের তরফে উপযুক্ত আধিকারিক সেই যোগ্যতা পরীক্ষা করে সংশাপত্র মঞ্জুর করেন।
- (৮) বাস চালক ও বাস কন্ডাক্টরদের উপযুক্ত যোগ্যতা সাপেক্ষে মোটরযান কর্তৃপক্ষ লাইসেন্স প্রদান করেন এবং নির্দিষ্ট সময় অন্তর তাহা নবীকরণ করেন।
- (৯) বাস দুর্ঘটনায় কোন ব্যক্তির মৃত্যু ঘটলে বা ক্ষতিগ্রস্থ হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে বা তাঁর পরিবারকে সরকার নির্ধারিত হারে কর্তৃপক্ষ অনুদান দেওয়ার ব্যবস্থা করেন।
- (১০) বাসগুলির চলাচলের ব্যাপারে মোটরযান আইনের বিধিগুলি পালিত হচ্ছে কিনা, তা বিভাগীয় আধিকারিকরা পরীক্ষা ও নিশ্চিত করেন।